



???? ?????, ??????? ?????????? ????

???? ??????, ??????? ?????????? ????

“যখন তিনি গেলেন চাকরির ইন্টারভিউ দিতে তখন তাকে বলা হল তিনি চাকরি করার যোগ্যতা রাখেন না!! তার দক্ষতার অভাব রয়েছে ! কথাগুলো শুনে তিনি রাগ করেননি কিংবা ভেঙ্গেও পড়েননি; তবে প্রতিজ্ঞা করেছিলেন নিজেকে প্রমাণ করবেন, প্রমাণ দেবেন যে চাকরিদাতাদের কথাগুলো ভুল”!! আর ঠিক করলেনও তাই । নিজেই প্রতিষ্ঠা করলেন কোম্পানি ! নিজের বুদ্ধিমত্তা দিয়েই বানাতে লাগলেন নিত্য নতুন মডেলের গাড়ি যার ব্রান্ড নাম “হোন্ডা” যার প্রতিষ্ঠাতা হলেন হার না মানা “সইচিরও হোন্ডা” ।

“মহিলাটির চেহারা খারাপ ছিল! তাই তিনি চাইতেন সুন্দরী হতে । তিনি চেষ্টাও করেছিলেন সুন্দর হতে কিন্তু চেহারাকে পরিবর্তন করার সাধ্য কার !! “খারাপ চেহারা” নিয়েই হাজির হলেন চাকরির ইন্টারভিউ দিতে! ফল যা ভেবেছিলেন তাই হল, শুনতে হল- ‘আপনার যোগ্যতা নেই’!! তিনি ভেবে নিলেন এটাও সেই খারাপ চেহারার ফসল!!

তবে কিছুদিন পর তিনি পরিবর্তন করলেন নিজেকে । বদলে ফেললেন আপন হৃদয়কে!! সিদ্ধান্ত নিলেন-“খারাপ চেহারাকে সুন্দর করা নয়, বরং সুন্দর কিছু করেই এই চেহারাকে সুন্দর করে ফেলবেন যেন হাজারো মুক্তা সদৃশ চেহারার মাঝেও নিজের চেহারাটি জ্বলজ্বল করে সবার আগে । আর করলেনও তাই; উন্নত করলেন নিজের ব্যক্তিত্ব! বাড়ালেন নিজের দক্ষতা ! দিতে গেলেন ইন্টারভিউ আর ছোট পদের চাকরিটাকেই এক নিমিষে করে ফেললেন নিজের নামে চলা জগতের সব থেকে বড় অনুষ্ঠানের কারিগর!

জী হ্যাঁ; তিনি হলেন চির পরিচিত অপরাহ উইনফ্রে যার নিজের নামে চলা অনুষ্ঠানটিই হল- “দ্য অপরাহ শো”!!!

হতেই পারে আপনার চেহারা খারাপ, হতেই পারে আপনাকে শুনতে হয়েছে আপনি “যোগ্য নন”, হতেই পারে আপনি যা চেয়েছেন তা একবারেই হয়নি!! কিন্তু তাতে কি? সফল ব্যক্তিদের ইতিহাস দেখুন; কার নাম বলবেন যিনি একবারে সফল হয়েছিলেন? কাকে দেখাবেন যিনি বলবেন তিনি কোনও ঝামেলা ছাড়াই সফল হয়েছেন?

ইতিহাস সর্বদা এক!! কথায় বলে-“ভালো জিনিস একটু দেরি করেই আসে”!! ঠিক তাই; আজকের দিনের গ্লানি, ব্যর্থতা সবই এক সময় ধুয়ে-মুছে যাবে, তবে তার জন্য শুধু চাই একটু ধৈর্য আর কঠোর পরিশ্রম !!!

প্রতিদিন অন্তত একবার হলেও বলুন, “আমি পারব । আমাকে পারতেই হবে” ।

আমাদের সাথে [ফেসবুকে](#) যুক্ত হন।

আমাদের আরেকটি ভালো গল্প ...

[ভালোবাসি শুধু তোমাকে - Romantic Stories](#)

[১ আর শূন্য\(০\) মিলে ১০\(দশ\)একটি অনুপ্রেরণার গল্প](#)